

## সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ২০/০৮/২০১৯ খ্রিস্টাব্দ

### সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি আয়োজন

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এর ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোকদিবস ২০১৯ উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি আয়োজন করা হয়। কর্মসূচির উদ্বোধন করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ , এমপি। এছাড়াও উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড . মো. আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি সহ মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ ও সহযোগী প্রতিষ্ঠানের প্রধানগণ উপস্থিত ছিলেন।

স্বাগত ভাষণে বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো. রিয়াজ আহম্মদ বলেন, রক্তদান মহান কাজ। এই মাসেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শহিদ হয়েছিলেন। আজকের এই রক্তদান কর্মসূচি জাতির পিতার রক্তের প্রতীকী স্বরূপ। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণা লয়কে ধন্যবাদ জানায় আয়োজন করার জন্য। বর্তমানে ডেঙ্গুরোগ মারাত্মকভাবে ছড়িয়ে পড়েছে। আজকের এই রক্ত ডেঙ্গু রুগীদের জীবন বাঁচাতে অনেক কাজে লাগবে বলে আমি মনে করি।

শুভেচ্ছা বক্তব্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ট্রান্সফিউশন মেডিসিন বিভাগের সহকারী অধ্যাপক ড. শেখ সাইফুল ইসলাম শাহিন বলেন, রক্তদান শ্রেষ্ঠ দান। অনেক চেষ্টা করেও বিজ্ঞানীরা কৃত্রিম রক্ত ব্যবহার করতে সক্ষম হইনি। তাই রক্ত একটি অমূল্য সম্পদ। রক্তদান মানে জীবনদান। এক ব্যাগ রক্ত দিয়ে তিনজন মানুষের জীবন বাঁচানো সম্ভব।

বিশেষ অতিথির বক্তব্যে ড. মো. আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এমন একজন মানুষ যিনি তাঁর পুরোটা জীবন এই বাঙলার মানুষের জন্য, দেশকে সোনার বাংলা গড়ার লক্ষ্যে কাজ করেছেন। দেশকে ভালোবেসে দেশের জন্য জীবন উৎসর্গ করেছেন। তাঁর অবদানের জন্যই আজকের এই বাংলাদেশ। আজকে যারা রক্ত দিচ্ছে তারা জাতির পিতার প্রতি গভীরশ্রদ্ধা জানিয়ে এই মহৎ কাজটি করছেন।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ , এমপি বলেন, প্রতিবছর আগস্ট মাসে বাঙালির হৃদয়ে শোক আর কষ্টের দীর্ঘশ্বাস হয়ে। এই মাসে বাঙালি জাতি রক্তাক্ত হয়েছিলো। আমরা হারিয়েছিলাম মহামানবকে। পুরো জাতি গভীর শোক ও শ্রদ্ধায় শ্রেষ্ঠ সন্তান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করে। আজকের এই স্বেচ্ছায় রক্তদান কর্মসূচিতে রক্তদানের মতো মহৎ কাজের জন্য যারা অংশগ্রহণ করেছেন আমি তা দেরকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাই।

রক্তদান কর্মসূচি বাস্তবায়ন করে বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং সহযোগিতা করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ট্রান্সফিউশন মেডিসিন বিভাগ। এই মহান কর্মসূচিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও তার অধীনস্থ সংস্থা , অধিদপ্তরসমূহের কর্মকর্তা কর্মচারীগণ রক্তদান করেন। এই কার্যক্রম চলে মঙ্গলবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত।

উল্লিখিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রকাশ/প্রচার করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

ড. শিহাব শাহরিয়ার  
কীপার, জনশিক্ষা বিভাগ  
বাংলাদেশ জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক/ বার্তা পরিচালক

-----

ঢাকা